দৈনিক বাংলা

তারিখ ... 08-DEC 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# ভার্সিটি ছাত্রদের শান্তি মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ভারতে বাবরি মসজিদের ওপর মৌলবাদী হিন্দুদের হামলার প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন এবং সাধারণ ছাত্র-ছাত্রীরা সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করে।

এসব সমাবেশে বাবরি মসজিদ ইস্যুকে কেন্দ্র করে এদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার যে কোন চক্রান্ত সম্মিলিতভাবে রুখে দাঁড়ানোর জন্য ছাত্র-জনতার প্রতি আহবান জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকশত সাধারণ ছাত্র-ছাত্রী বাবরি মসজিদে হামলার প্রতিবাদে সোমবার ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিলে শরীক হয়। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে এক সমাবেশে মিলিত হয়। সাধারণ ছাত্রদের পক্ষ থেকে সমাবেশে বক্তৃতা করেন সালাহউদ্দীন, ছবিরুল ইসলাম, এমদাদুল হক, রোকনুজ্জামান সেলিম, আলমগীর লিটন, পাভেল, নুরুজ্জামান, রবিউল হক প্রমুখ। বক্তারা বাবরি মসজিদ রক্ষায় ভারত সরকারের ব্যর্থতার তীব্র সমালোচনা করেন।

বাবরি মসজিদের উপর হামলা এবং দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের চক্রান্তের প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্র ঐক্য সোমবার সকালে অপরাজেয় বাংলার সামনে সমাবেশ করে। এতে বক্তৃতা করেন ছাত্রনেতা রুহুল কুদ্দুস বাবু, বেলাল চৌধুরী, রুহিন হোসেন প্রিন্স প্রমুখ। নেতৃবৃন্দ সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের যে কোন চক্রান্তের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর আহবান জানান।

* ছাত্রলীগ (ম-ই) বাবরি মসজিদের উপর হামলার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে।

ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান ও জিএস খায়রুল কবীর খোকন এক বিবৃতিতে ভারতে বাবরি মসজিদ ভাঙ্গুর ও ক্ষতিসাধনের ঘটনার তীব্র নিন্দা করেছেন, বিবৃতিতে তারা এ ঘটনাকে পুঁজি করে দেশে কতিপয় স্বার্থান্বেষী মহল আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানোর যে অপচেষ্টা চালাচ্ছে তা রুখে দাঁড়ানো এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহবান জানান।

সাবেক সর্বদলীয় ছাত্র ঐক্যের দশজন নেতা এক যুক্ত বিবৃতিতে ভারতে বিজেপি'র নেতৃত্বে বাবরি মসজিদে হামলার তীব্র নিন্দা করেছেন।

বিবৃতিতে তারা বলেন, এ ঘটনার সুযোগ নিয়ে সাম্প্রদায়িক রাজাকার ও লুটেরা বাহিনী বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা চালাচ্ছে, দেশব্যাপী নৈরাজ্য সৃষ্টি করছে। বিবৃতিতে এ ধরনের ঘটনা কঠোরভাবে দমন করার জন্য সরকারের প্রতি আহবান জানিয়ে নেতৃবৃন্দ বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের যে কোন প্রচেষ্টার দাঁতভাঙ্গা জবাব দিতে হবে।

বিবৃতিতে স্বাক্ষর করেন ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, সাবেক ছাত্রনেতা অসীম কুমার উকিল, শফী আহমদ, জাহাঙ্গীর সাত্তার টিংকু, মোস্তফা ফারুক, নুর আহমদ বকুল, কামাল হোসেন, আখতার সোবহান মাশরুর, মোশাররফ আহমদ এবং সৈয়দ জাহাঙ্গীর।

বাবরি মসজিদে হামলার প্রতিবাদে ইসলামী ছাত্র শিবির সোমবার বাদ জোহর বায়তুল মোকাররম উত্তর গেটে সমাবেশ ও পরে বিক্ষোভ মিছিল বের করে।

শিবির নেতৃবৃন্দ বাবরি মসজিদ রক্ষায় ব্যর্থতার জন্য ভারত সরকারের তীব্র সমালোচনা করেন। বাবরি মসজিদের উপর হামলার নিন্দা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার আহবান জানিয়ে আরও বিবৃতি দিয়েছে ছাত্রলীগ (মি-ল), সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, জাতীয়তাবাদী ছাত্রদল জগন্নাথ কলেজ শাখা, গণতান্ত্রিক ছাত্র কেন্দ্র, বাংলাদেশ ছাত্র মৈত্রী, ছাত্রলীগ (বা-কা), ইসলামী ছাত্র মজলিস এবং বিপ্লবী ছাত্র সংঘ।

## শিক্ষক সমিতির নিন্দা

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভারতে উগ্র মৌলবাদী গোষ্ঠীর হামলায় বাবরি মসজিদ ধ্বংস হওয়ার ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে। সমিতির সভাপতি ডঃ এস এম এ ফায়েজ ও সাধারণ সম্পাদক ডঃ সাঈদ-উর-রহমান এক বিবৃতিতে এই ঘটনায় দেশে যেন কোন উচ্ছৃঙ্খল প্রতিক্রিয়া না হয় তার জন্য ধৈর্য ও সহনশীলতার পরিচয় দেয়ার জন্য সর্বস্তরের মানুষের প্রতি আহবান জানান।

## ৫২ জন শিক্ষকের যুক্ত বিবৃতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বাবরি মসজিদ বিধ্বস্ত করার ঘটনার তীব্র নিন্দা করেছেন। মসজিদ রক্ষায় ভারত সরকারের ব্যর্থতার সমালোচনা করে বিবৃতিতে তারা মসজিদটি পুনঃনির্মাণ করার জন্য ভারত সরকারের কাছে দাবী জানান।

বিবৃতিতে তারা বাংলাদেশে বিভিন্ন ধর্মাবলম্বীর মধ্যে বিরাজমান সম্প্রতি যেন কোনভাবেই বিঘ্নিত না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য দেশের সচেতন নাগরিকদের প্রতি আহবান জানান। বিবৃতিতে স্বাক্ষর করেন ডঃ মোঃ মোস্তফা চৌধুরী, প্রফেসর আজাদ চৌধুরী, প্রফেসর শামসুল হুদা হারুন, প্রফেসর সুলতানা শফি, ডঃ আরেফিন সিদ্দিক, প্রফেসর বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর, প্রফেসর আহসানুল হক, প্রফেসর বিএআইএম নুরুদ্দিন, ডঃ গোলাম রহমান, ডঃ সিতারা পারভীন, ডঃ সাখাওয়াত আলী খান প্রমুখ।